
DC COMICS
BATMAN v SUPERMAN
DAWN OF JUSTICE
লেক্স লুথর
JOE BENNET 2016
FF
LEXCO
EXCO
ডি.সি. কমিক্স–এর সবচেয়ে বেশী প্রভাবশালী আর উচ্চাকাংক্ষী কোটিপতি


নিঃসন্দেহে এটা আমার মহান প্রাপ্তি হতে পারত।


মেট্রোপলিসের সর্ববৃহৎ নির্মাণ,শৈল্পিকতা আর যান্ত্রিক ক্ষমতার মেলবন্ধন...কিন্তু ভীনগ্রহীদের হামলার পরে
আমার স্বপ্নকে আমি নিজেই ভঙ্গ করলাম।কিন্তু তার পরেও...
আজ আমি খুশি!


কারণ আজ এই মুহূর্ত থেকে আমি দীক্ষা নিচ্ছি পুণরায় মেট্রোপলিসের জন্যে সর্ববৃহৎ গগণচুম্বী অট্টালিকা নির্মাণের সংকল্পের,যা হবে পৃথিবীর সর্ববৃহৎ ইমারত।
সারা দুনিয়ায় মেট্রোপলিস হয়ে উঠবে ব্যাবসা বাণিজ্যের পীঠস্থান। ধন্যবাদ!


এই শহরটা তো আমার ব্যাবসার জায়গা নয়,এটা আমার আশ্রয়স্থল।
এই শহরের জনগণের ওপর আমার বিশ্বাস আছে। ।আমি আশা রাখি এই শহর ভবিষ্যতে নিজের স্বমহিমায় আরো বিকশিত হবে।


আমি গাড়ি পর্যন্ত যাওয়া অবধি,আমাকে আপনারা প্রশ্নবাণে জর্জরিত করতে পারেন।
মি.লুথর!
মি.লুথর!


স্যার!যদি আপনি ভুল হন।আপনার স্বপ্ন যদি ফের বিপদ ডেকে আনে,তাহলে সেই দায়টাও আপনি নেবেন তো?এই ব্যাপারে মতামত দিন।


তার আগে আমি বলব...ও'নিল তোমার এই প্রশ্নটাই ভুল।কারণ অতীত থেকে আমি শিক্ষা নিয়েছি।শত সহস্র মানু ষের যন্ত্রণা
এখনো আমার কানে বাজে।তাই আমি কোনো ভুল পদক্ষেপ নেব না। কিন্তু তাও যদি দেখা যায়,যে আমার স্বপ্ন,আমার পরিকল্পনা বিভ্রান্তি কর...তাহলে জনগণ আমাকে যে শাস্তি দেবে আমি মাথা পেতে নেব।
“ওরা আমাকে বিশ্বাস করে।আমার সব সম্পত্তি তো ওদের জন্যেই।”
“কিন্তু দুঃখের বিষয় একটাই...আমার মতো কেউ কী সত্যিই ওদের জন্যে ভাবে ?”


স্যার!স্থানীয় রাজনৈতিক নেতারা আর মিডিয়া মহলের কিছু ব্যক্তি,মেট্রোপলিস ছেড়ে চলে যাওয়া কম্পানি গুলো নিয়ে মিটিং-এ বসেছিলেন...তারা সর্বজন সম্মতিতে এই সিদ্ধান্তে এসেছেন যে তারা সকলে আপনার পথ
নির্দেশ মেনে চলবেন।যারা ভেবেছিল এই শহরকে আর্থিক ভাবে দুর্বল করে ফায়দা লুঠবে,আজ দেখুন তাদের সুর নরম।এটা আপনার সাফল্য স্যার।
KORD TO EXPAND TO METROPOLIS
আমি বলি কি,আপনি একলা না থেকে সকলের সাথে মিলিত ভাবে কাজ করুন।আমি পরামর্শ দিচ্ছিনা।এই শহরের একজন নাগরিক হিসেবেই বলছি।
TO METROPOLIS
Metropolis – Kord founder Thomas Kord says real estate is one of the last sectors of the American economy that hasn't been transformed by data and technology.
He says when he talked to buyers, sellers, developers, and agents, everyone felt they were getting the short end of the stick. And when "everyone feels like they are getting screwed, the market is probably inefficient."
Launched in 2013, Kord has


দেখুন একটু তাকিয়ে। এতে আপনারই লাভ হবে।


পরামর্শটা ভালোই।


আচ্ছা!আপনি কী এটা ভেবেছিলেন যে অন্য কম্পানিরা আপনার আদর্শ নিয়ে চলবে ? আর না চললে হারিয়ে যাবে ?
দেখুন,কোনো কিছুর অস্তিত্ব নির্ভর করে তার কার্য-কারিতার ওপর।তারা কাজ করবে টিঁকে থাকবে।
আমি এটা জেনে আনন্দিত যে,আমার চিন্তাধারা কাউকে অনুপাণিত করতে পেরেছে।
ধন্যবাদ মি.লুথর।
স্যার!আপনি কী দ্বিতীয় অতিমানব হতে চাইছেন ?


না!
কখনই
নয়!


এক মিনিট মি.লুথর!!
আপনি কী নিজেকে সুপারম্যানের সাথে তুলনার পরিপন্থী ?
সুপারম্যান ক্রটিযুক্ত ট্রেনকে থামিয়ে কয়েক'শ মানুষের প্রাণ বাঁচিয়েছে।
তাহলে কী আপনি এটা বোঝাতে ইচ্ছুক যে.যারা সুপারম্যানের অস্তিত্বকে সহ্য করতে পারেন না।আপনিও তাদেরই একজন ?


সত্যটা হ'ল কেন্ট...


..ফ্র্যাঙ্কলি বলছি,সুপারম্যান সম্পর্কে আমি বেশী কিছু জানি না...আর তাই আমি ওর ব্যাপারে আমি কিছু বলবও না।
আর রইল বাকী,কে কী ভাবছে...সে ব্যাপারে আমি কিছু জানি না।


আমার মনে হয়,ওর কথা বাদ দিয়ে আমাদের এই শহরের জনগণের সুরক্ষা সম্পর্কে ভাবা উচিত।


চারপাশে ভীনগ্রহীদের তান্ডবের চিহ্নগুলোকে আগে মুছে ফেলা উচিত।



আমাদের ভুললে চলবে না যে,একজন সাধারণ মানুষও অনেক অসাধারণ কাজ করতে সক্ষম।


আমার অনেক কাজ আছে। এবার আসি!


রিপোর্টারদের মোক্ষম প্রশ্নের সুকৌশল জবাব দিলেন স্যার!
আমি সত্যিটাই বলেছি।শ্যানন!


আমরা সত্যিই সুপারম্যান সম্পর্কে কতটা জানি ?
ও অন্যগ্রহ থেকে এসেছে,চোখ দিয়ে লেজার বার করে,ব্যাস! এইটুকুই!


যে খালি হাতে একটা গোটা শহর নষ্ট করল, সে কিছু মানুষের প্রাণ বাঁচিয়ে বাহবা লুঠছে? হাস্যকর ব্যাপার!আর জনগণও ওকে বাহবা দিচ্ছে। **বাহ!**


ও পছন্দ করে সহজ বিষয় যেমন,ছুটন্ত ট্রেন,বণ্যা,ভূমিকম্প, সুপারভিলেনস ইত্যাদি।
NORTH KOREA NUCLEAR TEST
NORTH KOREA NUCLEAR TEST
কিন্তু ও কোনোদিন রাজনীতির মতো কঠিন বিষয়ে নজর দেবেনা।


আর তাই আমি সুপারম্যানকে চিনিনা...
LEXCORP
...আর চেনার প্রয়োজনও মনে করি না।
কিন্তু...


...কিছু জিনিস আছে যা আমাকে জানতে হয়...
LEXCORP
XCORP
CORP


মানবতার স্বার্থে... সর্বোপরি...
আমার নিজের স্বার্থে!!!
সমাপ্ত